

ডাকসুর প্রতিদ্বন্দ্বিতায় কোন পদে কে এগিয়ে?

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ ও হল সংসদ নির্বাচনে

অংশ নেওয়া প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশিত হয়েছে।

প্রাথমিক তালিকা অনুযায়ী, এবার ডাকসুর ২৮টি পদের বিপরীতে

সহসভাপতি (ভিপি) পদে ৪৮ জন, সাধারণ সম্পাদক (জিএস)

পদে ১৯ জন এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে ২৮

জন প্রার্থী প্রাথমিকভাবে বৈধ হিসেবে রয়েছেন।

এদিকে, তালিকা প্রকাশের পর থেকে প্রচারণায় নেমেছেন প্রার্থীরা।

গতকাল বৃহস্পতিবার ও আজ শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের

বিভিন্ন হলে প্রচারণা চালাতে দেখা গেছে প্রার্থীদের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা যায়,

তারা এবারের ডাকসু নির্বাচনের মধ্য দিয়ে শিক্ষার্থীবান্ধব নেতৃত্ব

নির্বাচন করতে চান। এক্ষেত্রে প্রার্থীদের পূর্ব পরিচিতি, কর্মকাণ্ড,

সততা, দক্ষতা ও প্রতিশ্রূতিগুলো পর্যবেক্ষণ করছেন তারা।

গত দুইদিনে সমানতালে প্রচারণা চালাতে দেখা দেখা গেছে

ছাত্রদল, ছাত্রশিবির ও বাগছাসের প্রার্থীদের। প্রার্থীরা সংবাদ

সম্মেলন করে শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস গঠন, গণরূপ-গেষ্টরূপ

কালচার বাতিল, গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখা, শিক্ষার্থীদের

আবাসিক সুবিধা নিশ্চিতকরণ, বিজ্ঞান ও গবেষণা বৃদ্ধিতে ভূমিকা

রাখাসহ বিভিন্ন বিষয়ে প্রতিশ্রূতি তুলে ধরছেন।

জানা যায়, এবারের নির্বাচনে ছাত্রদল, ছাত্রশিবির, বাগছাস ও বাম

সংগঠনগুলো আলাদা আলাদা প্যানেল দিয়েছে। এর বাইরেও

স্বতন্ত্র একাধিক প্যানেল থেকে প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করছে।

শিক্ষার্থীরা জানান, বেশ কয়েকটি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা

করলেও ছাত্রদল, ছাত্রশিবির ও বাগছাস ছাড়া অন্যদের তেমন

নিজস্ব ভোট নেই। ফলে নির্বাচনে মূল প্রতিদ্বন্দ্বিতা হতে পারে এই

তিনি প্যানেলের মধ্যে।

সেক্ষেত্রে ভিপি পদে ছাত্রদলের প্রার্থী আবিদুল ইসলাম খান,

ছাত্রশিবিরের সাদিক কায়েম ও বাগছাসের আব্দুল কাদেরের মধ্যে

তুমুল প্রতিদ্বন্দ্বিতা হতে পারে। আর জিএস পদে বাগছাসের আবু

বাকের মজুমদার, ছাত্রদলের শেখ তানভীর বারী হামিম ও

ছাত্রশিবিরের এস এম ফরহাদের মধ্যে মূল প্রতিদ্বন্দ্বিতা হতে
পারে।

এদিকে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিভিন্ন গ্রন্থপে প্রার্থীদের
পক্ষে জনমত যাচাই করতেও দেখা গেছে। এসব জরিপে
ছাত্রশিবিরের প্যানেলের ভিপি প্রার্থী সাদিক কায়েম, ছাত্রদলের
প্রার্থী আবিদুল ইসলাম খান, বাগচাসের আব্দুল কাদের ও স্বতন্ত্র
প্রার্থী উমামা ফাতেমার পক্ষে মতামত দিতে দেখা গেছে।

প্রসঙ্গত, আগামী ৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে ঢাকা
বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন।